মেহেরপুরের সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপিত

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপিত হয়েছে। গতকাল শনিবার সকালে বিদ্যালয় প্রাঙ্গনে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহা. শাহাবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শিক্ষা অফিসার মোঃ আবদুর রহিম ও উপজেলা শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, অভিভাবক ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা বিদ্যালয়ের দীর্ঘ শিক্ষাযাত্রা, সাফল্য ও ভবিষ্যৎ উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন এবং রজত জয়ন্তী উপলক্ষে বিদ্যালয় পরিবারকে শুভেচ্ছা জানান।

মেহেরপুরে শিক্ষক কর্মচারী নিয়োগে আত্মীয়করণ ও নিয়োগ বাণিজ্যের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য ও আত্মীয়করণ করার অভিযোগ উঠেছে।

বিদ্যালয়ে শিক্ষক কর্মচারি নিয়োগে বাণিজ্যকরণ ও আত্মীয়করণ বন্ধের দাবীতে সুবিদপুর গ্রামের একরামুল হক নামের এক ব্যক্তি মেহেরপুর সদর উপজেলা মাধ্যমি শিক্ষা অফিসার বরাবর একটি লিখিত

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহাবুল ইসলাম বলেন, নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। আমার স্ত্রী সহকারী প্রধান শিক্ষক পদের জন্য আবেদন করেছেন। সরকারি বিধি মোতাবেক পরীক্ষা নেওয়া হবে। যারা টিকবে তাদেরকেই নিয়োগ দেয়া হবে।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনোয়ার হোসেন বলেন, আমি যতদুর জানি সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ে এখনো নিয়োগ প্রক্রিয়া শুরু হয়নি। এসংক্রান্ত একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। নিয়োগ প্রক্রিয়া শুরু হলে অভিযোগের বিষয়টি ক্ষতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরের সুবিধপুরে পৌনে ৩ কোটির টাকার ভবন গ্রহণ করেনি স্কুল কর্তৃপক্ষ

নিম্নমানের উপকরণ ব্যবহার ও ক্রটিপূর্ণ থাকায় দুই কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন গ্রহণ করেনি মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে তত্বাবধানে বিদ্যালয়ের জন্য নির্মিত ৪ তলা এই বিল্ডিংটিতে নানা ত্রুটির অভিযোগ এনে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে ভবনটি গ্রহণ করেননি বলে জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহাবুল ইসলাম।

লটারিতে মেহেরপুর জনি এন্টারপ্রাইজ নামক একটি ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পেলেও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ছোট ভাই মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হাসান মৃদুল কাজটি করেছেন।

তবে, একাডেমিক ভবন নির্মানের ঠিকাদার সরফরাজ হাসান মৃদুল ভবন নির্মানে কিছু অনিয়ম হওয়ার কথা স্বীকার করে বলেছেন, আমি ঢাকাতে থাকার কারনে কিছু অনিয়ম হয়েছে। দ্রুত সেগুলোর সমাধান করা হবে।

২০১৮-২০১৯ অর্থ বছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তত্বাবধানে

যমুনা ব্র্যান্ডের দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য উপকরণ এবং রং এর যে অভিযোগগুলো আছে আমি অধিকাংশ সময় ঢাকাতে অবস্থান করার কারণে এমন সমস্যা হয়েছে। আমি লোকজন নিয়ে দু একদিনের মধ্যেই সব ঠিকঠাক করে হস্তান্তর করবো।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মো: গোলাম মোত্তাকিন বলেন, এই ভবনটি নির্মাণে আমাদের দৃষ্টিতে মোট ১৭ টি ত্রুটি পাওয়া গেছে। এই ত্রুটিগুলো ঠিক করে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে চিঠি দেওয়া হয়েছে।